# ঈশ্বরের পবিত্র আত্মার শক্তিতে যীশুর জন্য সাক্ষ্য দান করা

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ন P5b পাঠ করা উচিৎ।


**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, আমার দলের বিশ্বাসীদের তোমার শক্তি ব্যবহার করতে সাহায্য কর, তুমি পিতর এবং প্রেরিতদের মত তাদের বন্ধুদের কাছে এবং আত্মীয়দের কাছে সাক্ষ্য দানের জন্য তাদের যে শক্তি দান করেছিলে।''

১. **প্রার্থনা এবং ঈশ্বরের বাক্য দ্বারা আপনার হৃদয় প্রস্তুত করুন।**

পিতর এবং যোহন অসংখ্য লোকদের পরিত্রাণের সুসমাচারের বিষয় প্রভাবিত করার জন্য কি কি করেছিলেন সেই বিষয় প্রেরিত ৩ঃ১-২২ পদে পাঠ করুন। (প্রশ্নের পর উত্তর প্রদত্ত হয়েছে।)

- পিতর সেই লোকটিকে কি দান করতে চেয়েছিলেন যা সোনার চেয়েও মূল্যবান? (৬ পদ)
- সেই খঞ্জ লোকটিকে বিশ্বাস করার পর তাকে যে শক্তি আরোগ্য দান করেছিল তার উৎস কি? (১২-১৩ এবং ১৬ পদ)
- পিতর এবং যোহন কোন গুরুত্বপূর্ণ বিষয়ে সাক্ষ্য দিয়েছিলেন? (১৪-১৫ পদ)
- পাপ পরিষ্কৃত হওয়ার জন্য লোকদের কি করতে হয়েছিল? (১৯ পদ)

## শক্তিতে সাক্ষ্যদানের জন্য সাতটি সাহায্য




১) **চোখ ঃ** যোহন ৪ঃ৩৫-৩৯ পদে খুঁজে দেখুন যীশু আমাদের কি দেখাতে চান।

২) **ওষ্ঠ ঃ** লূক ২৪ঃ৪৬-৪৮ পদে খুঁজে দেখুন যীশুর বিষয়ে আমাদের কি বলতে হবে।

৩) **হস্ত ঃ** (বাইবেল) ঃ ২ তীম ২ঃ২ পদে খুঁজে দেখুন ঈশ্বরের বাক্য দ্বারা আমাদের কি করতে হবে।
মথি ২৮ঃ১৮-২০ পদে খুঁজে দেখুন শিষ্যদের কি করার জন্য আমাদের শিক্ষা দিতে হবে।

৪) **হৃদয় ঃ** ১ করি ১৩ঃ১-৩ পদে খুঁজে দেখুন, কি বিষয় আমাদের কাজকে আরও শক্তিশালী করবে।
ইব্রীয় ১১ঃ৬ পদে খুঁজে দেখুন ঈশ্বরের জন্য কাজ করতে আমাদের কি প্রয়োজন।
১ থিষ ৫ঃ১৭ পদে খুঁজে দেখুন সর্বদা আমাদের কি করা উচিৎ।
প্রেরিত ১ঃ৮ পদে খুঁজে দেখুন আমরা কোথা থেকে শক্তি পাই এবং কেন।

৫) **হস্ত ঃ** (চাবিসমূহ) ঃ মথি ১৬ঃ১৩-১৯ পদে খুঁজে দেখুন, যীশু পিতরের কাছে কি প্রতিজ্ঞা করেছিলেন।
মথি ১৮ঃ১৮ পদে খুঁজে দেখু ন কারা সেই প্রতিজ্ঞা লাভ করে।
যোহন ২০ঃ২২-২৩ পদে খুঁজে দেখুন ঈশ্বর আমাদের মাধ্যমে কি করেন।

৬) **পদযুগল ঃ** ইফি ৬ঃ১৫ পদে খুঁজে দেখুন ঈশ্বর পদযুগল প্রদান করেন।
যিশাইয় ৫২ঃ৭ পদে খুঁজে দেখুন পদযুগল কেন কবিত্ব ভাবে 'সুন্দর' বলে অভিহিত করা হয়েছে।

৭) **সাহায্যকারী ঃ** প্রেরিত ১১ঃ১২ পদে খুঁজে দেখুন, পিতরের কত জন্য সাহায্যকারী ছিল।
প্রেরিত ১৩ঃ২-৫ পদে খুঁজে দেখুন, পৌলের কতজন সাহায্যকারী ছিল।
লূক ১০ঃ১ পদে খুঁজে দেখুন, তারা কতবার এক সাথে ভ্রমণ করেছিলেন।

**উত্তর সমূহ**

১) **চক্ষু ঃ** ক্ষেত্রের দিকে আলোকপাত করতে হবে যে শস্য প্রস্তুত, অর্থাৎ সেই লোক সকল যারা অনুতাপ করবেন এবং বিশ্বাস করবেন।

২) **ওষ্ঠঃ** যীশুর মৃত্যু, জীবনদায়ী পুণরুত্থান এবং ক্ষমা যতজন অনুতাপ করবে তাদের প্রতি ক্ষমার বিষয় ঘোষণা করবে।

৩) **হাত (বাইবেল) ঃ** যীশুর বাধ্য হবার জন্য আমরা যা শুনেছি তা অন্যদের কাছে দান করা এবং বিশ্বাসীদের শিক্ষা দেওয়া।

৪) **হৃদয়ঃ** পবিত্র আত্মার শক্তিতে প্রেমে, বিশ্বাসে এবং প্রার্থনা সহকারে সব কিছু করা।

৫) **হাত (চাবিসমূহ) ঃ** যীশু পিতরের কাছে পাপের ক্ষমার শক্তির প্রতীক তাঁর রাজ্যের চাবি সমূহের বিষয় প্রতিজ্ঞা করেছিলেন। যীশু তাঁর অন্য শিষ্যদের কাছেও সেই একই শক্তির বিষয় প্রতিজ্ঞা করেছিলেন। যারা পবিত্র আত্মায় পূর্ণ সেই বিশ্বাসীদের কাছে পাপের ক্ষমার জন্য যীশু এই শক্তির বিষয় প্রতিজ্ঞা করেছিলেন।

যীশু নিজে সেই পক্ষাঘাত গ্রস্ত লোকটির পাপ মুক্ত করার জন্য এই চাবিগুলো ব্যবহার করেছিলেন, তিনি যখন সেই লোকটির চারজন বন্ধুর বিশ্বাস দেখেছিলেন, যারা তাদের বন্ধুকে ঘরের ছাদের ওপর থেকে ঘরের মধ্যে নামিয়ে দিয়েছিলেন, যাতে যীশু তাকে সুস্থ করতে পারেন (মার্ক ২ঃ১-১২)। তাদের বিশ্বাসের জন্য যীশু সেই ব্যক্তির পাপ ক্ষমা করেছিলেন।

আমরা যদি বিশ্বাস করি পবিত্র আত্মার শক্তির ফলে কোন ব্যক্তি যীশুকে এবং তাঁর ক্ষমা গ্রহণ করতে পারে, তবে আমরাও সেই চাবিগুলো ব্যবহার করেত পারি। একজন বিশ্বাসী যখন যীশুর ক্ষমতার বিষয় সাক্ষ্য দেন তখন আরেক জন ব্যক্তির পরিবর্তন শুরু হয়। তখন, অবশ্যই সেই অন্য ব্যক্তিটিকেও তার পরিবর্তন সম্পূর্ণ করার জন্য তার নিজের বিশ্বাসের অনুশীলন করতে হবে।

৬) **পদযুগল ঃ** আমাদের পদযুগলকে অবশ্যই 'সুসমাচারের সুসজ্জতার পাদুকা পরতে হবে, যার অর্থ হল যে আমাদেরকে লোকদের কাছে শান্তি এবং আনন্দের বাণী বলতে হবে।

৭) **সাহাযকারীগণ ঃ**

ক) **পিতর যখন** পরজাতীদের কাছে যীশুর বিষয় বলতে গেছিলেন, তখন তার ছয়জন সাহায্যকারী ছিল।

খ) **পৌল এবং বার্ণাবাসকে** তাদের একজন সাহায্যকারী যোহন (মার্ক) সহ আন্তিয়োখিয়া থেকে অন্যান্য জাতির কাছে পাঠান হয়েছিল।

গ) **খ্রীষ্ট** একসাথে দুজন করে মোট সত্তর জনকে প্রেরণ করেছিলেন। যীশু এবং তাঁর প্রেরিতগণ সাধারণতঃ একটি ছোট দল হিসাবে কাজ করতেন কখন একা কাজ করতেন না।




## পবিত্র আত্মায় পূর্ণ হওয়া

শাস্ত্রে যখন পবিত্র আত্মায় পূর্ণ হওয়ার অথবা শক্তি লাভ করার বিষয় উল্লেখ করা হয়, তখন তার উদ্দেশ্য হল বিশ্বাসীরা যেন ঈশ্বরের জন্য কিছু ব্যবহারিক কাজ করতে সক্ষম হন। উদাহরণঃ শিমশোনের ওপর পবিত্র আত্মা নেমে আসলে তিনি একটি সিংহকে হত্যা করেছিলেন, যার ফলে কতগুলো ঘটনা পর্যায় শুরু হয়েছিল যা তাকে শত্রুদের হাত থেকে ইস্রায়েলীয়দের মুক্ত করার বিষয়ে পরিচালিত করেছিল। পবিত্র আত্মায় পূর্ণ হওয়ার উদ্দেশ্য কখনও একজন লোককে অস্বাভাবিক আবেগ জনিত অভিজ্ঞতা লাভের জন্য প্রদত্ত হয় না। শাস্ত্রে একবারই আরাধনাকারীরা লাফিয়ে ছিল এবং চীৎকার করেছিল, ঈশ্বর এলিয়কে দিয়ে তাদের হত্যা করেছিলেন (১ রাজা ১৮ঃ২৫-৪০)।

**২. সপ্তাহব্যাপী করণীয় কার্যকলাপের বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

- যীশুর কথামত উপায়ে সাক্ষ্যদানের শক্তির জন্য প্রার্থনা করুন। তারপর যারা এখনও যীশুকে জানেন না, তাদের কাছে পরিকল্পনা করুন।
- যারা খ্রীষ্ট বিহীনভাবে হারিয়ে গেছেন তাদের জন্য প্রার্থনা করুন।
- বিশ্বাসীদের পরিদর্শন করুন এবং তাদের বন্ধুদের এবং আত্মীয়দের বিষয় জিজ্ঞাসা করুন যাদের কাছে তাদের যীশুর বিষয় বলা উচিৎ।
- তারা যদি এই বিষয়ে আপনার সাহায্য চান, তবে তাদের সঙ্গ দিন এবং কিভাবে শুরু করতে হবে সেই বিষয়ে তাদের সাহায্য করুন।

**৩. আসন্ন আরাধনায় সময়ের জন্য আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

পিতর এবং যোহন কিভাবে একটি লোককে সুস্থ করেছিল এবং অসংখ্য লোকের কাছে যীশুর বিষয় বলেছিল সেই বিষয়ে বলুন।(উপরের)

প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। শক্তির সঙ্গে সাক্ষ্য দানের বিষয় সাতটি সাহায্যের বিষয় ব্যাখ্যা করুন (উপরের)।

এই শক্তির উদ্দেশ্য ব্যাখ্যা করুন।

শিশুরা যা প্রস্তুত করেছেন তা উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজ প্রবর্তনের জন্য যোহন ২১ঃ৯-১৪ পদ পাঠ করুন এবং ব্যাখ্যা করুন যে যীশু এখন তাঁর সঙ্গে এবং পরস্পরের সঙ্গে আহার করার জন্য আমাদের আহ্বান করেছেন।

বিশ্বাসীগণ সম্প্রতি কিভাবে আধিপত্যের সঙ্গে বা পরাক্রমের সঙ্গে যীশুর বিষয় সাক্ষ্য দিয়েছেন সেই বিষয়ে তাদের রিপোর্ট দিতে দিন।

দুই তিনজনের দলে বসুন এবং পরস্পর প্রার্থনা করুন, পরিকল্পনা করুন এবং উৎসাহিত করুন।

প্রেরিত ৪ঃ৩৩ পদ মুখস্থ করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net